

**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান  
 শিক্ষক ও কর্মচারী অবসর  
 সুবিধা বোর্ডের পরিচালনা  
 পরিষদ গঠন**

ষ্টাফ রিপোর্টার : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ডের পরিচালনা পরিষদ গঠন করা হয়েছে। বুধবার এ সংক্রমে শিক্ষা মন্ত্রণালয়ে একটি প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, এ কমিটি তিন বছরের জন্য কার্যকর হবে। কমিটিতে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীকে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক-প্রফেসর মোহাম্মদ উর রশিদকে ভাইস চেয়ারম্যান করা হয়েছে। কমিটিতে ১৮ জনকে সদস্য করে রাজধানী তেজগাঁও মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুল হককে সদস্য সচিব করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, শিক্ষা মন্ত্রণালয়ের মুখ্য সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক (মাধ্যমিক), জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব বা তদুর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা, অর্থবিভাগের উপ-সচিব বা তদুর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা, গাজীপুরের শ্রীপুর শ্রীপুর ডানোহাটি রহমানিয়া কামিল মাদরাসার অধ্যক্ষ শাহীদ আহমদ মোমতাজী, ভোলা জেলার ভোলা দারুল হাদিস কামিল মাদরাসার অধ্যক্ষ আবুল বাশার মোহাম্মদ আব্দুর রহিম, রংপুর উপশহরের ধাপ সাদগড়া বাতুল মোকারম মডেল কামিল মাদরাসার অধ্যক্ষ মো. আনাম হাবীউজ্জামান, রাজশাহী সদরে বরেন্দ্র মহিলা টেকনিক্যাল বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আলম আরা আভিদ্দা আলী, সিলেটের কানাইঘাটস্থ গাছবাড়ী আইডিয়াল কলেজের রত্নবিজ্ঞানের সহকারী অধ্যাপক মো. আব্দুল বলিফ, চট্টগ্রামের শীতাকুন্ডস্থ বিজয়সরনি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. মাহাশীর, রাজবাড়ী জেলার পাশেয় পাশেয় বাদিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বেগম মাহফুজা বাতুন, রাজধানীর যাত্রাবাড়ীস্থ শেখনী আবুদুয়া মেদ্রা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম, পটুয়ার বসবতু বিদ্যা নিকেডনের প্রধান শিক্ষক মো. শাহে আলম, মিরপুর পটুয়ার ড. মুহম্মদ শহীদুল্লাহ আদর্শ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (ফুল এড কলেজ)-এর অফিস সহকারী মো. আব্দুল মজিদ, ঢাকাস্থের মেট্রোপলিট ডিগ্রি কলেজের অফিস সহযোগী মো. শাহজাহান খান, তেজগাঁও মহিলা কলেজের অফিস সহযোগী মো. আনসার আলী, রামপুরের মহানগর কারিগরি স্কুল এড কলেজের অধ্যক্ষ মো. সাদিকুল্লাহ।